ভর্তি ও নিয়োগ পরীক্ষায় জালিয়াতি

# ঢাবি শিক্ষার্থীসহ ৭৮ আসামির বিরুদ্ধে গ্রেপ্তারি পরোয়ানা

**আদালত প্রতিবেদক** ২৭ জুন, ২০১৯ ০০:০০ | পড়া যাবে ২ মিনিটে

Share 4



ভর্তি ও নিয়োগ পরীক্ষার প্রশ্নপত্র ফাঁসের মামলায় পলাতক ঢাকা বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীসহ ৭৮ জনকে গ্রেপ্তার করতে পরোয়ানা জারি করা হয়েছে। এই গ্রেপ্তারি পরোয়ানা তামিলসংক্রান্ত প্রতিবেদন দাখিলের জন্য আগামী ৩০ জুলাই দিন ধার্য করেছেন আদালত।

পাবলিক পরীক্ষা (অপরাধ) আইনে দাখিল করা মামলার অভিযোগপত্র গ্রহণ করে গতকাল বুধবার ঢাকা মহানগর হাকিম সারাফুজ্জামান আনছারী পলাতক আসামিদের গ্রেপ্তার করার জন্য পরোয়ানা জারি করেন।

আদালত-সংশ্লিষ্ট সূত্র জানিয়েছে, একই ঘটনায় করা তথ্য ও যোগাযোগ প্রযুক্তি আইনের পৃথক মামলায় দেওয়া অভিযোগপত্র গ্রহণ করে ঢাকার সাইবার ক্রাইম ট্রাইব্যুনালে পাঠানোর নির্দেশ দিয়েছেন একই বিচারক।

২০১৭ সালে দেশব্যাপী আলোচিত হয় ঢাকা বিশ্ববিদ্যালয়ের ভর্তি পরীক্ষার প্রশ্নপত্র ফাঁসের ঘটনা। গণমাধ্যমকর্মীদের দেওয়া তথ্যের সূত্র ধরে ওই বছরের ১৯ অক্টোবর রাতে ঢাকা বিশ্ববিদ্যালয়ের শহীদুল্লাহ হল থেকে ছাত্রলীগের কেন্দ্রীয় কমিটির সহসম্পাদক মহিউদ্দিন রানা ও অমর একুশে হল থেকে আবদুল্লাহ আল মামুনকে গ্রেপ্তার করে পুলিশের অপরাধ তদন্ত বিভাগ (সিআইডি)। তাঁদের কাছ থেকে প্রাপ্ত তথ্যের ভিত্তিতে পরদিন 'ঘ' ইউনিটের ভর্তি পরীক্ষার হল থেকে গ্রেপ্তার করা হয় ভর্তীচ্ছু পরীক্ষার্থী ইশরাক হোসেন রাফিকে। তাঁদের বিরুদ্ধে রাজধানীর শাহবাগ থানায় তথ্য ও যোগাযোগ প্রযুক্তি আইন ও পাবলিক পরীক্ষা (অপরাধ) আইনে মামলা করেন সিআইডির জ্যেষ্ঠ সহকারী সুপার (এএসপি) সুমন কুমার দাশ। এই তিনজনকে জিজ্ঞাসাবাদে পরে বিশ্ববিদ্যালয়ে ভর্তি ও বিভিন্ন সরকারি প্রতিষ্ঠানে নিয়োগ পরীক্ষার প্রশ্নপত্র ফাঁসচক্রে জড়িতদের নাম একে একে বেরিয়ে আসে।

দীর্ঘ তদন্ত শেষে গত ২৩ জুন ঢাকা বিশ্ববিদ্যালয়ের ৮৭ শিক্ষার্থীসহ ১২৫ জনের বিরুদ্ধে আদালতে চারটি অভিযোগপত্র দাখিল করে সিআইডি। এর মধ্যে দুটি অভিযোগপত্রে আসামি করা হয় ১২৪ জনকে। এক আসামি নাবালক হওয়ায় তার জন্য একই ধারায় শিশু আইনে পৃথক দুটি অভিযোগপত্র দাখিল করা হয়।

অভিযোগপত্রের ১২৫ আসামির মধ্যে বিভিন্ন সময়ে ৪৭ জনকে গ্রেপ্তার করা হয়েছে। তবে তাঁরা সবাই বর্তমানে জামিনে আছেন। তাঁদের মধ্যে একজন ছাড়া সবাই আদালতে স্বীকারোক্তিমূলক জবানবন্দি দিয়েছেন।

মন্তব্য

0 Comments Sort by Newest

Add a comment...

Facebook Comments Plugin

Like Share 4 টুইট



Learn English language.

বিজ্ঞাপন StGeorge's English S...



এক স্বামীর ১৩ স্ত্রী, একসাথে মা হচ্ছেন সবাই

kalerkantho.com




Official PUBG Mobile Emulator

বিজ্ঞাপন Tencent Gaming Buddy



কণ্ঠশিল্পী সালমার বিয়ে বিচে

kalerkantho.con



তালা খুলতে নিজের শরীরে বসালেন চিপ!

kalerkantho.com




ঢাকা-কলকাতা সরাসরি বাস চলাচল শুরু

kalerkantho.com



ঝড় তুললেন শাহরুখকন্যা সুহানা (ভিডিও)

kalerkantho.com



২০১৯ সাে ঘণ্টায় যা ঢাকা থে

kalerkantho.con

অনলাইন সর্বাধিক পঠিত অনলাইন সর্বশেষ



প্রকাশ্য সড়কে স্ত্রীর সামনে যুবককে কুপিয়ে হত্যা (./online/last-page/2019/06/27/784532/প্রকাশ্য-সড়কে-স্ত্রীর-সামনে-যুবককে-কুপিয়ে-হত্যা)


## ntho&utm_medium=referral&utm_content=thumbnails-a:Below Article Thumbnails:)

## ntho&utm_medium=referral&utm_content=thumbnails-a:Below Article Thumbnails:)

## You May Like

(http://www.viralxfiles.com/20-of-the-worlds-scariest-bridges/?utm_source=eastwestmedia-kalerkantho&utm_medium=taboola&utm_campaign=092_VXF_Bridges_t4_all&utm_content=86250957)

### The World's Scariest Bridges

**Viral X Files**

(http://www.viralxfiles.com/20-of-the-worlds-scariest-bridges/?utm_source=eastwestmedia-kalerkantho&utm_medium=taboola&utm_campaign=092_VXF_Bridges_t4_all&utm_content=86250957)
(https://squaremile.com/gear/cars/polestar-2-design-and-technology/?utm_source=taboola&utm_medium=referral&utm_campaign=sm5)

### Polestar 2: the electric car with design as advanced as its technology

**Square Mile**

(https://squaremile.com/gear/cars/polestar-2-design-and-technology/?utm_source=taboola&utm_medium=referral&utm_campaign=sm5)
(http://a-great-sghairtransplant.fyi?sub_id=taboola_3050513_System1_HairTransplant_Mobile_Bangladesh_eastwestmedia-kalerkantho&ref=taboola&compkey=hair+transplant+cost+Singapore&fbid=419213968647243&fbland=View&fbserp=Purchase)

## See How Much a Hair Transplant Can Cost in Singapore

**Hair Transplant | Search Ads**

(http://a-great-sghairtransplant.fyi?sub_id=taboola_3050513_System1_HairTransplant_Mobile_Bangladesh_eastwestmedia-kalerkantho&ref=taboola&compkey=hair+transplant+cost+Singapore&fbid=419213968647243&fbland=View&fbserp=Purchase)
(http://www.tripminutes.com/20-hotels-in-striking-destinations-you-must-visit/?utm_source=taboola&utm_term=eastwestmedia-kalerkantho_1159850&utm_content=233830905&utm_medium=referral&utm_campaign=StrikingHotels-WW-DTM-TRM-TB)

## 20 Unbelievable Hotels You Won't Believe Actually Exist!

**Trip Minutes**

(http://www.tripminutes.com/20-hotels-in-striking-destinations-you-must-visit/?utm_source=taboola&utm_term=eastwestmedia-kalerkantho_1159850&utm_content=233830905&utm_medium=referral&utm_campaign=StrikingHotels-WW-DTM-TRM-TB)
(https://www.topexpensive.com/25-most-expensive-dog-breeds-in-the-world/?utm_source=taboola&utm_term=eastwestmedia-kalerkantho_1159850&utm_content=240252899&utm_medium=referral&utm_campaign=DogBreeds-WW-DTM-TEX-TB)

## 25 Most Expensive Dogs in the World That Are Incredibly Charming

**Topexpensive.com**

(https://www.topexpensive.com/25-most-expensive-dog-breeds-in-the-world/?utm_source=taboola&utm_term=eastwestmedia-kalerkantho_1159850&utm_content=240252899&utm_medium=referral&utm_campaign=DogBreeds-WW-DTM-TEX-TB)
(http://www.topgentlemen.com/these-4-sisters-took-the-same-picture-for-40-years/?utm_source=taboola&utm_term=eastwestmedia-kalerkantho_1159850&utm_content=235059575&utm_medium=referral&utm_campaign=Sisters-WW-DTM-TG-TB)

## They Took The Same Picture For 40 Years. Don't Cry When You See The Last!

**TopGentlemen.com**

(http://www.topgentlemen.com/these-4-sisters-took-the-same-picture-for-40-years/?utm_source=taboola&utm_term=eastwestmedia-kalerkantho_1159850&utm_content=235059575&utm_medium=referral&utm_campaign=Sisters-WW-DTM-TG-TB)
(http://a-great-flights.zone?sub_id=taboola_306094_System1_FlightPrice_Mobile_Bangladesh_eastwestmedia-kalerkantho&ref=taboola&compkey=flight+price+from+{{city}}+to+new+york&fbid=419213968647243&fbland=View&fbserp=Purchase)

## Flight Price from Kahalu to New York Might Surprise You

**Flight Prices | Search Ads**

(http://a-great-flights.zone?sub_id=taboola_306094_System1_FlightPrice_Mobile_Bangladesh_eastwestmedia-kalerkantho&ref=taboola&compkey=flight+price+from+{{city}}+to+new+york&fbid=419213968647243&fbland=View&fbserp=Purchase)
(http://hhdresearch.org/7-symptoms-of-prediabetes/?utm_source=eastwestmedia-kalerkantho&utm_medium=taboola&utm_campaign=390_hdd_prediabetes_world&utm_content=204600509)

## 7 Danger Signs of Prediabetes You Are Probably Ignoring in Bangladesh

**Health & Human Research**

(http://hhdresearch.org/7-symptoms-of-prediabetes/?utm_source=eastwestmedia-kalerkantho&utm_medium=taboola&utm_campaign=390_hdd_prediabetes_world&utm_content=204600509)

সম্পাদক : ইমদাদুল হক মিলন, নির্বাহী সম্পাদক : মোস্তফা কামাল, ইস্ট ওয়েস্ট মিডিয়া গ্রুপ লিমিটেডের পক্ষে ময়নাল হোসেন চৌধুরী কর্তৃক প্রধান কার্যালয় : প্লট-৩৭১/এ, ব্লক-ডি, বসুন্ধরা, বারিধারা থেকে প্রকাশিত এবং প্লট-সি/৫২, ব্লক-কে, বসুন্ধরা, খিলক্ষেত, বাড্ডা, ঢাকা-১২২৯ ও সুপ্রভাত মিডিয়া লিমিটেড ৪ সিডিএ বাণিজ্যিক এলাকা, মোমিন রোড, চট্টগ্রাম-৪০০০ থেকে মুদ্রিত। পিএবিএক্স : ০৯৬১২১২০০০০, ৮৪৩২৩৭২-৭৫, বার্তা বিভাগ ফ্যাক্স : ৮৪৩২৩৬৮-৬৯, বিজ্ঞাপন ফোন : ৮৪৩২০৪৮, বিজ্ঞাপন ফ্যাক্স : ৮৪৩২০৪৭, সার্কুলেশন : ৮৪৩২৩৭৬। E-mail : info@kalerkantho.com

Copyright © 2015-2019 kalerkantho.com